অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নির্মাণকাজের জন্য প্রস্তুত সাইটের বিকাশের জন্য FAST NY কর্মসূচির মাধ্যমে পুরো স্টেটে প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

অর্থদানের দ্বিতীয় রাউন্ড কর্মসংস্থান সৃষ্টি করবে এবং নিউ ইয়র্ক স্টেটের মুখ্য বিকাশমান শিল্পখাতকে আকৃষ্ট ও সম্প্রসারিত করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নির্মাণকাজের জন্য প্রস্তুত ট্র্যাক্টের কেন্দ্রীভূত আকর্ষণ নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) অনুদান কর্মসূচির অধীনে ছয়টি স্থানকে প্রায় 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। 2022 সালের ফেব্রুয়ারি মাসে প্রথম ঘোষিত কর্মসূচিটি নকশা করা হয়েছে পুরো স্টেটে এমন সাইট প্রস্তুত ও বিকাশ করার জন্য যা নিউ ইয়র্কের নির্মাণকাজের জন্য প্রস্তুতি শুরু করে দিবে এবং বড় চাকরিদাতা এবং উচ্চ প্রযুক্তির প্রস্তুতকারক কোম্পানিগুলির জন্য আকর্ষণীয়তা বৃদ্ধি করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) পরিচালিত কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে আরো বৈচিত্র্যময় করতে সাহায্য করবে এবং একই সাথে ব্যবসা, সম্প্রদায় এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য নতুন বিনিয়োগ চালনা করবে।

"FAST NY অনুদান কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক পুরো স্টেটে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সুযোগে বিনিয়োগ ও সম্প্রসারণ করার জন্য এর প্রতিশ্রুতি অব্যাহত রাখছে," **গভর্নর হোকল বলেন।** "তহবিলটি সেমিকন্ডাক্টর ও নবায়নযোগ্য শক্তির মতো মুখ্য শিল্পখাত যেমন নির্মাণের জন্য প্রস্তুত সাইট খুঁজে থাকে তা তৈরি করবে এবং আগামী প্রজন্মসমূহের জন্য ভালো চাকরি তৈরি করবে ও স্থানীয় অর্থনীতির বিকাশ করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "কোম্পানি যখন সাইট বাছাই প্রক্রিয়া শুরু করে তখন আমরা যাতে তালিকার শীর্ষে থাকি তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সক্রিয় পদক্ষেপ গ্রহণ করছে এবং নির্দিষ্ট শিল্পখাত, যেমন আধুনিক প্রস্তুতকরণ, সেমিকন্ডাক্টর, নবায়নযোগ্য শক্তি, লাইফ সাইন্স এবং কৃষিবাণিজ্যের মতো খাতের জন্য সাইট তৈরি করতে মিউনিসিপ্যালিটি ও ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সিকে (Industrial Development Agency, IDA) তাদের প্রয়োজনীয় সমর্থন FAST NY প্রদান করে। FAST NY এর মতো কর্মসূচির মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে স্থান পরিবর্তন এবং সম্প্রসারণের জন্য নিউ ইয়র্ক স্টেট একটি শীর্ষ গন্তব্য হয়ে থাকে।"

এর পূর্বে এই গ্রীষ্মকালে গভর্নর হোকল FAST NY এর প্রথম রাউন্ডে সাত অর্থপ্রাপকের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করেন। আজকের ঘোষণার পর, পুরো স্টেটের তেরটি স্থানের জন্য প্রায় 130 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হলো। বর্তমান অর্থপ্রাপকেরা হলো:

- **জিনেসি কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি, জিনেসি কাউন্টি - 56 মিলিয়ন মার্কিন ডলার:** ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিজ্ঞান প্রযুক্তি আধুনিক প্রস্তুতকরণ পার্ক (Science Technology Advanced Manufacturing Park, STAMP) একটি 1250 একরের মেগা সাইট, যেখানে উল্লেখযোগ্য পরিমাণ বিদ্যুৎ, পানি পাওয়ার সুযোগ আছে, এবং সম্পূর্ণ প্রাকবিকাশ কাজ হয়ে আছে। STAMP হলো নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ বহাল থাকা সাইট, যারা সাইটে ইতিমধ্যে 50 মার্কিন ডলার বিনিয়োগ করেছে এবং যেখানে প্লাগ পাওয়ারের (Plug Power) সবুজ হাইড্রোজেন প্রকল্প বর্তমানে নির্মাণাধীন রয়েছে এবং আগামী বসন্ত মৌসুমে এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum) তাদের ড্রাই পাম্প কারখানার নির্মাণকাজ শুরু করবে। বাফেলো-রচেস্টার-সিরাকিউজ করিডোরের সম্প্রতি পাওয়া অর্থনৈতিক বিকাশ প্রশাসন (Economic Development Administration, EDA) আঞ্চলিক টেক হাব (Regional Tech Hub) আখ্যা এবং আপস্টেটজুড়ে একটি "সেমিকন্ডাক্টর সুপারহাইওয়ে" তৈরি করতে স্টেটের কৌশলী লক্ষ্যের একটি অপরিহার্য অংশ STAMP। প্রকল্পের এই পর্যায়ের মূল উদ্দেশ্য হলো আধুনিক প্রস্তুতকরণ প্রকল্পসমূহকে সমর্থন করার জন্য অবশিষ্ট অবকাঠামো নির্মাণ করা যেমন একটি বর্জ্যপানি পরিশোধনাগার এবং পাম্প স্টেশন, ফোর্স মেইন অংশ, প্রাকৃতিক গ্যাস ট্রান্সমিশন মেইন ট্যাপ এবং সাইটের মধ্যকার সম্প্রসারণ, রাস্তা নির্মাণ উন্নয়ন এবং একটি পানি ট্রান্সমিশন মেইন।প্রকল্পের মোট ব্যয়: 62.37 মিলিয়ন মার্কিন ডলার
- **কোয়েম্যান্স টাউন, অ্যালবানি কাউন্টি - 17 মিলিয়ন মার্কিন ডলার:** প্রকল্পটি বৈদ্যুতিক অবকাঠামোর উন্নয়ন করতে দিবে যার মধ্যে থাকবে একটি বৈদ্যুতিক ট্রান্সমিশন লাইন এবং কোয়েম্যান্স বন্দরে (Port of Coeymans) সেবাদানকারী দুইটি সাবস্টেশন নির্মাণ এবং নিকটবর্তী ইন্ডাস্ট্রিয়াল সম্পত্তির অতিরিক্ত বিকাশ সম্ভব করা যার মধ্যে আছে কোয়েম্যান্স ইন্ডাস্ট্রিয়াল পার্ক (Coeymans Industrial Park) যেখানে বর্তমানে বিদ্যুৎ অত্যন্ত সীমিত। সাবস্টেশনটি কোয়েম্যান্স বন্দর এবং নিকটবর্তী ইন্ডাস্ট্রিয়াল পার্কে 50 মেগাওয়াট বিদ্যুৎ প্রদান করতে দিবে, এবং সম্ভাব্য ভবিষ্যৎ বিকাশের জন্য এর 100 মেগাওয়াট বিদ্যুৎ প্রদানের সক্ষমতা থাকবে। যাতায়াতযোগ্য ওয়াটারওয়ে এবং নির্মাণযোগ্য জমির সাথে এই বিদ্যুৎ মিলিত হয়ে সাইটটিকে ইন্ডাস্ট্রিয়াল মেশিনারি প্রস্তুতকরণ এবং পরিচ্ছন্ন প্রযুক্তি ও নবায়নযোগ্য শক্তি প্রস্তুকরণের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের একটি মুখ্য কৌশলী সম্পদ করে। প্রকল্পের মোট ব্যয়: 83.8 মিলিয়ন মার্কিন ডলার
  - **শ্যাটাকোয়া কাউন্টি IDA, শ্যাটাকোয়া কাউন্টি - 5,250,000 মার্কিন ডলার:**রিপ্লে ইন্টারস্টেট 90 (Ripley Interstate 90) এর নির্মাণকাজের জন্য প্রস্তুত সাইটটিতে অবকাঠামোর উন্নয়ন করা যাবে যেমন বিদ্যুৎ, গ্যাস, পানি এবং সিউয়ার সম্প্রসারণ, এবং সেই সাথে যাতায়াতের রাস্তা তৈরি করা যাবে। লাইট প্রস্তুতকরণ এবং আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিক কোম্পানিকে আকৃষ্ট করার উদ্দেশ্যের এই প্রকল্পটিতে প্রয়োজনীয় সাইট উন্নয়ন করার জন্য দুইটি পর্যায় থাকবে যাতে 136 একরের স্বল্পব্যবহৃত ভূমিকে একটি নির্মাণের জন্য প্রস্তুত,

অবকাঠামোসমেত সাইটে রূপান্তরিত করা যায় যেখানে I-90 ইন্টারচেঞ্জ থেকে সরাসরি যাওয়া যাবে। প্রকল্পের মোট ব্যয়: 16 মিলিয়ন মার্কিন ডলার

- **ইস্ট ফিশকিল টাউন, ডাচেস কাউন্টি - 2,000,000 মার্কিন ডলার:** আইপার্ক পানি জেলা প্রকল্পটি আইপার্ক 87 ফ্যাসিলিটির জন্য একটি নতুন পানি জেলা তৈরি করবে যেখানে সাইটকে পরিবেষ্টন করা একটি ওয়াটার মেইন থাকবে এবং 125 একরে অতিরিক্ত নির্মাণকাজ করতে দিবে যার লক্ষ্য হবে অপটিক্স, সেমিকন্ডাক্টর শিল্পখাত এবং সেই সাথে আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিককে আকৃষ্ট করা।সাবেক ইন্টারন্যাশনাল বিজনেজ মেশিন্স কর্পোরেশন (International Business Machines Corporation, IBM) ক্যাম্পাসটিকে একটি বহু ভাড়াটিয়ার আধুনিক প্রস্তুতকরণ পার্কে রূপান্তর করার কাজ সম্পূর্ণ করার জন্য এই অবকাঠামোটি অতি গুরুত্বপূর্ণ। প্রকল্পের মোট ব্যয়: 6 মিলিয়ন মার্কিন ডলার
- **হারকাইমার কাউন্টি IDA, হারকাইমার কাউন্টি - 4,372,000 মার্কিন ডলার:** পরিচ্ছন্ন প্রযুক্তি এবং নবায়নযোগ্য শক্তি এবং আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিককে আকৃষ্ট করার উদ্দেশ্য নিয়ে স্কুইলার বিজনেস পার্ক (Schuyler Business Park) পর্যাপ্ত পানির চাপ এবং অগ্নি নির্বাপণ সক্ষমতা নিশ্চিত করার জন্য একটি 500,000 গ্যালনের পানি সংরক্ষণ ট্যাংক স্থাপন করার মাধ্যমে অবকাঠামোর উন্নয়ন করবে। পাশাপাশি, এটি বিদ্যমান প্রবেশপথের উন্নয়নকাজ সম্ভব করে, এটি চালকদের জন্য ঝুঁকিসম্পন্ন একটি ট্র্যাফিক উদ্বেগের অবসান করে। প্রকল্পটি 80 একরের বেশি স্থানে নির্মাণ কাজ করতে দিবে। প্রকল্পের মোট ব্যয়: 5.1 মিলিয়ন মার্কিন ডলার
- **ওয়ারেন এবং ওয়াশিংটন কাউন্টি IDA, ওয়াশিংটন কাউন্টি, ক্যাপিটাল রিজিয়ন - 4,739,000 মার্কিন ডলার:** ফোর্ট এডওয়ার্ড ক্যানালসাইড এনার্জি পার্ক (Fort Edward Canalside Energy Park) প্রকল্পটি এই সাবেক GE ডিওয়াটারিং ফ্যাসিলিটির জন্য বর্জ্যপানি অবকাঠামোর সম্পূর্ণ নির্মাণকাজ এবং খাওয়ার পানি অবকাঠামোর উন্নয়ন সম্ভব করবে। 80 একরের ক্যানালসাইড এনার্জি পার্কটি (Canalside Energy Park, CEP) একটি অনন্য ইন্ডাস্ট্রিয়াল সাইট যেখানে রেল, রাস্তা এবং চ্যাম্পলেইন ক্যানালের মাধ্যমে তিন ভাবে যাওয়াআসা করা যায় এবং এটি কৃষিবাণিজ্য, ইন্ডাস্ট্রিয়াল মেশিনারি প্রস্তুতকরণ এবং নবায়নযোগ্য শক্তি উৎপাদনকে আকৃষ্ট করবে। প্রয়োজনীয় বর্জ্যপানি ও পানির উন্নয়নকাজ হওয়ার ফলে, সাইটের অনন্য সম্পদসমূহ একটি পীড়িত এলাকায় উল্লেখজনক অর্থনৈতিক বিকাশ সুযোগকে আকৃষ্ট করবে। প্রকল্পের মোট ব্যয়: 6.2 মিলিয়ন মার্কিন ডলার

বহু যোগ্য শিল্পখাতকে আকৃষ্ট করবে এমন সাইট বিকাশ করতে প্রাকনির্মাণ কর্মকাণ্ড এবং অবকাঠামোতে বিনিয়োগের জন্য ESD এর মাধ্যমে FAST NY তহবিল অনুদান প্রদান করে, শিল্পখাতের মধ্যে রয়েছে হাইটেক প্রস্তুতকরণ, সেমিকন্ডাক্টর, পরিচ্ছন্ন প্রযুক্তির নবায়নযোগ্য শক্তি, লাইফ সাইন্স, কৃষিবাণিজ্য, অপটিক্স, পরিবহন সরঞ্জাম, উপাদান প্রক্রিয়াজাতকরণ, শিল্পখাতের মেশিনারি প্রস্তুতকরণ এবং অন্যান্য আধুনিক প্রস্তুতকরণ। এছাড়াও এই সাইটগুলি আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিকের জন্য ব্যবহার করা যেতে পারে। FAST NY এর মাধ্যমে, নির্মাণকাজের জন্য উচ্চ মাত্রার প্রস্তুতি প্রদর্শনকারী সাইটসমূহকে ESD একটি "FAST NY নির্মাণকাজের জন্য প্রস্তুতির সনদ" প্রদান করতে পারবে, যা আরো শিল্পখাতকে আকৃষ্ট করার জন্য তাদের প্রয়াসের বাজারজাতকরণকে সমর্থন ও উন্নত করবে। আরো তথ্যের জন্য বা FAST NY অনুদানের জন্য আবেদন করতে https://esd.ny.gov/fast-ny ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক বিকাশ পরিষদের (New York State Economic Development Council) নির্বাহী পরিচালক রায়ান এম সিলভা বলেন, "ভবিষ্যতের ক্যারিয়ার ও শিল্পখাতকে আকৃষ্ট করতে সাইটে বিনিয়োগ করা নিউ ইয়র্কের অর্থনীতির সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ। অবকাঠামোতে বিনিয়োগ ভালো বেতনের নির্মাণ চাকরি তৈরি করে এবং সরকারি বেসরকারি অংশীদারিত্ব সম্ভব করতে আরো সাহায্য করে। আজকের অর্থদান আরেকবার নিউ ইয়র্কের অর্থনীতিতে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সিগুলির অত্যাবশ্যকীয় ভূমিকা প্রমাণ করলো, এজেন্সিগুলি স্থানীয় অভিজ্ঞতা ও সংস্থানকে স্টেট তহবিলের সাথে জুটিবদ্ধ করে টেকসই সম্প্রদায় সমর্থন ও গঠন করে। গভর্নর হোকল এবং ESD এর দলকে তাদের নেতৃত্ব ও FAST NY কর্মসূচির সাথে অংশীদারিত্বের জন্য এবং নিউ ইয়র্কের ভবিষ্যতে বিনিয়োগ করার জন্য অর্থপ্রাপ্তদেরকে আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রন্সন বলেন, "আজকের গভর্নর হোকলের ঘোষণা নিউ ইয়র্ককে অত্যন্ত প্রতিযোগিতামূলক একটি অবস্থানে স্থাপন করে কারণ আমাদের অর্থনৈতিক বিকাশে আমরা বেসরকারি ও সরকারি বিনিয়োগ নিশ্চিত করছি। অর্থনৈতিক বিকাশের অ্যাসেম্বলি কমিটির প্রধান হিসেবে, আমি FAST NYকে দৃঢ়ভাবে সমর্থন করছি এবং জানি যে কর্মসংস্থানের বিকাশের জন্য একটি ভালো ভিত্তি নিশ্চিত করার এটি গুরুত্বপূর্ণ প্রথম একটি ধাপ। FAST NY এবং একটি টেক হাব হিসেবে আমাদের ফেডারেল আখ্যা সম্মিলিত হয়ে আমাদেরকে আমাদের অঞ্চলের ভবিষ্যৎ অর্থনৈতিক সম্প্রসারণের জন্য অত্যাবশ্যকীয় আধুনিক প্রস্তুতকারক কোম্পানিসমূহকে আকৃষ্ট করতে দিবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন